তারিখ ... 21 DEC 1995 ...
পৃষ্ঠা ১ কলাম ৪

দৈনিক ইত্তেফাক

# ঢাঃ বিঃ শিক্ষক সমিতির নির্বাচন ঃ 'নীল' ও 'সাদা' প্যানেল চূড়ান্ত

আনোয়ার আলদীন ॥

আগামী ৩০শে ডিসেম্বর অনুষ্ঠিতব্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতির নির্বাচন ঘিরিয়া শিক্ষকদের মধ্যে তোড়জোর শুরু হইয়াছে। নির্বাচনে আওয়ামী লীগ পন্থীদের 'নীল' প্যানেল ও বিএনপি' পন্থীদের 'সাদা' প্যানেলের প্রার্থীদের মধ্যে প্রতিদ্বন্দ্বিতা হইবে। গতকাল (বুধবার) গভীর রাত পর্যন্ত অনুষ্ঠিত পৃথক

( ১১শ পৃঃ ৩-এর কঃ দ্রঃ )

## ঢাঃ বিঃ শিক্ষক সমিতি

( ১ম পৃঃ পর )

বৈঠকে দুই প্যানেলেব প্রার্থী মনোনয়ন চূড়ান্ত করা হয়। জামায়াতপন্থী শিক্ষকদের 'সাদা' ও নিরপেক্ষ বলিয়া দাবীদার 'গোলাপী' দলের শিক্ষকরা নির্বাচনে অংশ নিবেন না বলিয়া জানা গিয়াছে। আজ বৃহস্পতিবার রাত ৮টার মধ্যে মনোনয়নপত্র জমা দিতে হইবে এবং ২৩শে ডিসেম্বর মনোনয়নপত্র প্রত্যাহারের দিন ধার্য করা হইয়াছে। 'নীল' দল হইতে অর্থনীতি বিভাগের প্রধান শিক্ষক ও শিক্ষক সমিতির বর্তমান সভাপতি প্রফেসর এ,টি,এম, জহুরুল হককে সভাপতি এবং গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের চেয়ারম্যান প্রফেসর আ, আ, স, ম, আরেফিন সিদ্দিকীকে সাধারণ সম্পাদক পদে মনোনীত করা হইয়াছে। ইহাছাড়া সহসভাপতি পদে রসায়ন বিভাগের প্রফেসর মোঃ মুহিবুর রহমান ও যুগ্ম সম্পাদক পদে মৃত্তিকা বিজ্ঞান বিভাগের প্রফেসর সহিদ আকতার হুসাইনকে মনোনীত করা হইয়াছে। 'সাদা' দলের পক্ষ হইতে সভাপতি পদে রোকেয়া হলের প্রভোষ্ট ডঃ জিন্নাতুন্নেসা তাহমিদা বেগম, সাধারণ সম্পাদক পদে মার্কেটিং বিভাগের শিক্ষক ডঃ সৈয়দ রাশিদুল হাসান, সহসভাপতি পদে ভূগোল বিভাগের প্রফেসর জিয়াউল শামস এস,এম, হক ও যুগ্ম সম্পাদক পদে প্রফেসর গোলাম মোহাম্মদকে মনোনীত করা হইয়াছে। এই নির্বাচনে বিশ্ববিদ্যালয়ের সহস্রাধিক শিক্ষক তাহাদের ভোটাধিকার প্রয়োগ করিয়া এক বছরের জন্য শিক্ষক কর্মকর্তা নির্বাচন করিবেন। গত নির্বাচনে সমিতির সভাপতি ও সাধারণ সম্পাদকসহ অধিকাংশ পদে নীল দলের শিক্ষকরা জয়লাভ করেন। গত নির্বাচনে 'নীল', 'গোলাপী', ও ২টি সাদা, প্যানেল হইতে শিক্ষকরা প্রতিদ্বন্দ্বীতা করেন।